আলমডাঙ্গায় বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবলের ফাইনাল খেলার পুরস্কার বিতরণ

আলমডাঙ্গায় বঙ্গবন্ধু গোল্ডকাপ এবং বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের উপজেলা পর্যায়েরর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। একই মঞ্চে শিক্ষা বাস্তবায়নের লক্ষ্যে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মাঝে হুইলচেয়ার, চশমা, হিয়ারিং এইড ও স্ক্র্যাচ বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকালে পাইলট সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের বি-টিম মাঠে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। ফাইনাল খেলায় বালক বিভাগে ভাংবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ১-০ গোলে খাসকররার কায়েকপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়কে পরাজিত জয়লাভ করে। এদিকে বালিকা উদয়ন বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয় ৩-০ গোলে ফুলবগাদী সরকারি প্রাথমিক বিদ্যালয়কে পরাজিত করে বিজয়ী হয়েছে ।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার ভারপ্রাপ্ত ও সহকারি কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদরে সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। বিশেষ অতিথি ছিলেন পৌর মেয়র হাসান কাদির গনু, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহাম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, পৌরসভার প্যানেল মেয়র খন্দকার মজিবুল ইসলাম, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা, উপজেলা রিসোর্চ সেন্টারের ইন্সটেক্টর জামাল হোসেন, পাইলট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা। সহকারি শিক্ষা অফিসার জিএম কামাল হোসেনের উপস্থাপনায় উপস্থিত ছিলেন সহকারি শিক্ষা অফিসার শামীম সুলতান, সহকারি শিক্ষা অফিসার হুমায়ন কবীর, সহকারি শিক্ষা অফিসার রফিকুল ইসলাম, সহকারি শিক্ষা অফিসার বখতিয়ার উদ্দিন, প্রধান শিক্ষক রকিবুস সালেহীন, মোল্লা ফেরদৌস রিজভী প্রমুখ। উদ্বোধনী খেলা পরিচালনা করেন সহকারি শিক্ষক তহিদ, তবিবুর, আরেফিন কবির রিপন, ফিরোজুল ইসলাম, মামুন, আশরাফুল, হাসাউদ্দৌলা, আকা আজাদ, রিজভী।